নয়া দিগন্ত

তারিখঃ ০৬/১০/২০২৫ (পৃঃ ১২)



# ব্রির ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে রোববার নানা কর্মসূচির আয়োজন করা হয়। সকালে একটি বর্ণাঢ্য র‍্যালি গাজীপুরস্থ ব্রি সদর দফতরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে প্রশাসন ভবনের সামনে এসে শেষ হয়। পরে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ধানভিত্তিক খামার বিন্যাস বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. মো: ইব্রাহিমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো: রফিকুল ইসলাম। আলোচনা সভা শেষে বিশেষ মুনাজাত অনুষ্ঠিত হয়। এরপর প্রশাসন ভবনের সামনে কেক কাটেন ব্রির মহাপরিচালক।আলোচনা সভায় মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান বলেন, প্রতিষ্ঠার পর থেকে ব্রি দেশের খাদ্যনিরাপত্তা নিশ্চিতে নিরলসভাবে কাজ করছে। জলবায়ু পরিবর্তনের ফলে খাদ্য নিরাপত্তার ক্ষেত্রে যে নতুন চ্যালেঞ্জ সামনে আসছে তা মোকাবেলা করে নির্দিষ্ট পরিমাণ জমিতে বেশি ধান উৎপাদন করে দেশের খাদ্যনিরাপত্তা নিশ্চিত করাই আমাদের লক্ষ্য। কর্মসূচিতে সব বিভাগীয় ও শাখা প্রধানসহ ব্রিতে ক্রিয়াশীল বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরা, সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকরা উপস্থিত ছিলেন। প্রসঙ্গত, ১৯৭০ সালের ০১ অক্টোবর বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর এ পর্যন্ত আটটি হাইব্রিডসহ ১২১টি উচ্চ ফলনশীল জাত উদ্ভাবন করেছে প্রতিষ্ঠানটি। গাজীপুর জেলা প্রতিনিধি।

সোমবার
৬ অক্টোবর ২০২৫
২১ আশ্বিন ১৪৩২
১৩ রবিউস সানি ১৪৪৭
রেজি: নং-ডিএ ৬৩১২
বর্ষ ১১ । সংখ্যা ২২৫
১২ পৃষ্ঠা । ৮ টাকা

রূপালী বাংলাদেশ
মুক্তচিন্তার দুরন্ত প্রকাশ
rupalibangladesh

We received Highest Credit Rating (AAA) in non-life insurance sector.
Provati Insurance PLC
প্রভাতী ইন্স্যুরেন্স পিএলসি.
PROVATI INSURANCE PLC.

আমার লক্ষ্য বাংলাদেশ ক্রিকেট: বুলবুল পৃষ্ঠা ১০
গরিবের চাল যাচ্ছে ধনীর ঘরে — তালিকায় নাম অন্তর্ভুক্ত করতে অর্থ নেওয়ারও অভিযোগ উঠেছে পৃষ্ঠা ৮
শ্রমিকদের জন্য সম্ভাবনার দুয়ার — দক্ষিণ কোরিয়া সরকার পরিচালিত ইপিএস প্রোগ্রাম বাংলাদেশ যুক্ত হয় ২০০৮ সালে পৃষ্ঠা ৬
'দুঃখ বিলাস' নিয়ে দুঃখ নেই লিংকনের পৃষ্ঠা ৭

তারিখঃ ০৬/১০/২০২৫ (পৃঃ ০৯)




ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি'র) ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি ◆ রূপালী ফটো

# ধান গবেষণা ইনস্টিটিউটের প্রতিষ্ঠাবার্ষিকী

**গাজীপুর প্রতিনিধি**

জমকালো অনুষ্ঠানের মধ্য দিয়ে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রির) ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। গতকাল রোববার সকালে গাজীপুরস্থ ইনস্টিটিউটে বর্ণাঢ্য র‍্যালি, কোরআন তেলাওয়াত, দোয়া মাহফিল ও কেক কেটে অনুষ্ঠানের সূচনা করেন ইনস্টিটিউটের মহাপরিচালক ও প্রধান অতিথি ড. মো. খালেকুজ্জামান। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, ১৯৭০ সালের ১ অক্টোবর বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের যাত্রা শুরু হয়। এ বছর ১ অক্টোবর সরকারি ছুটি থাকায় ৫ অক্টোবর এ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এ সময় তিনি গবেষণা ইনস্টিটিউটের সব বিজ্ঞানী ও কর্মকর্তা-কর্মচারীদের নিষ্ঠা ও সততার সঙ্গে স্ব-স্ব দায়িত্ব পালনের আহ্বান জানান।

পরে সংক্ষিপ্ত আলোচনায় বক্তব্য দেন ড. মো. রফিকুল ইসলাম (পরিচালক গবেষণা) ও পরিচালক ড. মো. ইব্রাহিমসহ অন্যরা। এ সময় বক্তারা বলেন, দেশে বর্তমান ৪ কোটি মে. টন ধান উৎপাদন হয়। ৫০ বছর পর জনসংখ্যা বৃদ্ধি পাবে, কমবে কৃষিজমি। তখন দেশে ধানের চাহিদা বাড়বে আরো ৩ কোটি মে. টন। সেই চ্যালেঞ্জ সামনে রেখে সব বিজ্ঞানীকে কাজ করতে হবে।

যুগান্তর
THE DAILY JUGANTOR

তারিখঃ ০৬/১০/২০২৫ (পৃঃ ১২)

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
Bangladesh Rice Research Institute, Gazipur
Phone : PABX-88-02-49272005-14, Fax: 88-02-49272000
E-mail: brrihq@yahoo.com, dg@brri.gov.bd **Website :** www.brri.gov.bd

কৃষিই সমৃদ্ধি

পত্র নং-১২.২২.০০০০.০০০.০৩২.০১.০৮৫৫.২৫.৪৯৩৯

তারিখ : ২০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ০৫ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি নং-০১ (২০২৫-২০২৬)

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর রাজস্ব বাজেটভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে অনলাইনে (https://brri.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহ্বান করা যাইতেছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হইবে না।

| ক্রঃ নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | নিয়োগ যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | এডিটর<br>৩৫,৫০০-৬৭,০১০/- (গ্রেড-৬) | ১ (এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি অথবা সাংবাদিকতা ও গণযোগাযোগ বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ কৃষি গবেষণা সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন, সম্পাদনা ও মুদ্রণ ব্যবস্থাপনায় অন্যূন ৭ (সাত) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে ঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। |
| ২ | সাইন্টিফিক অফিসার (এসও) কৃষি (স্থায়ী)<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-, (গ্রেড-৯) | ২৫ (পঁচিশ)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। |
| ৩ | সাইন্টিফিক অফিসার (এসও) কৃষি (অস্থায়ী)<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-, (গ্রেড-৯) | ৪ (চার)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। |
| ৪ | সাইন্টিফিক অফিসার (এসও) কৃষি পরিসংখ্যান<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-, (গ্রেড-৯) | ১ (এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি পরিসংখ্যানে স্নাতকোত্তর ডিগ্রী অথবা পরিসংখ্যান বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা পরিসংখ্যান বিষয়ে ৩ (তিন) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রীঃ<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। |
| ৫ | এগ্রিকালচার ইঞ্জিনিয়ার<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-, (গ্রেড-৯) | ১ (এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী। |

**নিয়োগের শর্তাবলীঃ**

১. আবেদনকারীর বয়স ৩০-১০-২০২৫ তারিখে ১নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩৭ বৎসর এবং ক্রমিক নং ২ থেকে ৫নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে ১৮-৩২ বৎসর হইতে হইবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লিখিত রহিয়াছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেইভাবে লিখিতে হইবে।

৩. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতিপত্র প্রদর্শন করিতে হইবে।

৪. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

৫. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করিতে হইবে এবং পূরণকৃত Application Formসহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করিতে হইবে। এছাড়া জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৬. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

৭. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৮. আবেদনকারীগণের মোবাইল ফোনে Teletalk Bangladesh Limited হইতে SMS এর মাধ্যমে যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হইবে।

৯. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://brri.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করিতে পারিবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ-

- Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০৭-১০-২০২৫ খ্রিঃ, সকাল ১০:০০টা।
- Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ৩০-১০-২০২৫ খ্রিঃ, বিকাল ০৫:০০টা।
- উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করিবেন।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit-করিবার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করিয়া আবেদনপত্র Submit-করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit-করা সম্পন্ন প্রার্থী একটি User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাইবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করিয়া সংরক্ষণ করিবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকিবে এবং User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করিয়া পরীক্ষার ফি বাবদ ৬ষ্ঠ-৯ম গ্রেডের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকাসহ অফেরতযোগ্য মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে সকল পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হইবে না"।

**প্রথম SMS:** BRRI<space>User ID লিখিয়া Send করিতে হইবে 16222 নম্বরে। Example: BRRI ABCDEF

Reply: Applicant's Name, Tk-........... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BRRI<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** BRRI<Space>Yes<Space>PIN লিখিয়া Send করিতে হইবে 16222 নম্বরে।

Example: BRRI YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BRRI Application for post xxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://brri.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙিন Print করিয়া নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

User ID জানা থাকিলে BRRI<space>Help<space>User<space>User ID & Send to 16222
Example: BRRI Help User ABCDEF & send to 16222
PIN Number জানা থাকিলে: BRRI<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
Example: BRRI Help PIN 12345678 & send to 16222.

ঝ. Online-এ আবেদন করিতে কোন সমস্যা হইলে ১২১ এ কল করুন অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbdTeletalk প্রবেশ করিয়া মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাইবে, অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাইবে। (Mail /মেসেজ এর Subject-এ Organization Name: BRRI, Post Name, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করিতে হইবে)।

ঞ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও https://www.brri.gov.bd ওয়েবসাইটে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাইবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হইবে।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হইলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়িলে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হইবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১০. অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়া অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করিতে পরামর্শ দেওয়া যাইতেছে।

০৫.১০.২৫

(ড. মোঃ মামুনুর রহমান)
উপ-পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) অ:দা:
মহাপরিচালকের পক্ষে

ডিজি-১৯১৯/২৫ (২০"×৪)

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
তারিখঃ ০৬/১০/২০২৫ (পৃঃ ০৪)

কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
# Bangladesh Rice Research Institute, Gazipur

**Phone: PABX**-88-02-49272005-14, Fax: 88-02-49272000
**E-mail:** brrihq@yahoo.com, dg@brri.gov.bd **Website:** www.brri.gov.bd

পত্র নং ঃ ১২.২২.০০০০.০০০.০৩২.০১.০৮৫৫.২৫.৪৯৪০ তারিখঃ ২০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ০৫ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি নং-০২ (২০২৫-২০২৬)

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর রাজস্ব বাজেটভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে অনলাইনে (https://brri.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহবান করা যাইতেছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হইবে না।

| ক্রঃ নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | নিয়োগ যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | সাব এসিসটেন্ট ইঞ্জিনিয়ার (স্থায়ী) টাঃ ১৬০০০-৩৮৬৮০/- (গ্রেড-১০) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২ | সাব এসিসটেন্ট ইঞ্জিনিয়ার (অস্থায়ী) টাঃ ১৬০০০-৩৮৬৮০/- (গ্রেড-১০) | ৪(চার)টি | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩ | ডাটা এনালিস্ট টাঃ ১৬০০০-৩৮৬৮০/- (গ্রেড-১০) | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান/ ভূগোল/ গণিত বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ ডাটা প্রসেসিং ও কম্পিউটার পরিচালনায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৪ | ট্রান্সপোর্ট সুপারভাইজার টাঃ ১৬০০০-৩৮৬৮০/- (গ্রেড-১০) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্টকাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৫ | এসএ (ফিল্ডম্যান) টাঃ ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) | ৪(চার)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কৃষিতে অন্যূন ৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৬ | এসিসটেন্ট লাইব্রেরিয়ান টাঃ ১১০০০-২৬৫৯০/-(গ্রেড-১৩) | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা এবং গ্রন্থগার ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৭ | ইউডি কাম একাউনটেন্ট টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ২(দুই)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৮ | অডিটর টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৯ | ইউডিএ কাম ক্যাশিয়ার টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১০ | স্টেনো টাইপিস্ট (সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর) টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ ও ইংরেজিতে ৮০ শব্দ এবং টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২৮ শব্দের গতিসহ কম্পিউটার চালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১১ | এগ্রোমেট্রোলজিক্যাল এসিসটেন্ট টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল/পরিসংখ্যান/রসায়ন/পদার্থ বিদ্যা এবং গণিত বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১২ | বেঞ্চ মেকানিক (ওয়ার্কসপ) টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে জেনারেল মেকানিক ট্রেড কোর্স সনদ পাস সহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৩ | ড্রাইভার টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ৩(তিন)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ হালকা বা ভারী যানবাহন চালনার ড্রাইভিং লাইসেন্সধারী এবং সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৪ | বিল ক্লার্ক টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৫ | ট্রাক্টর ড্রাইভার টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ হালকা বা ভারী যানবাহন চালনার ড্রাইভিং লাইসেন্সধারী এবং সংশ্লিষ্টকাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৬ | প্লাম্বার টাঃ ৮৮০০-২১৩১০/- (গ্রেড- ১৮) | ২(দুই)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে প্লাম্বিং এ ট্রেডকোর্স পাসসহ সংশ্লিষ্টকাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৭ | পাম্প অপারেটর টাঃ ৮৮০০-২১৩১০/- (গ্রেড- ১৮) | ৩(তিন)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক ট্রেডকোর্স পাসসহ পাম্প চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৮ | এসিসটেন্ট কুক টাঃ ৮৮০০-২১৩১০/- (গ্রেড- ১৮) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্টকাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৯ | ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ পরীক্ষাগারে যন্ত্রপাতি পরিস্কার-পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২০ | দপ্তরী টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ বাইসাইকেল চালনায় পারদর্শী হইতে হইবে। |
| ২১ | ওয়ার্কশপ এ্যাটেনডেন্ট টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ২(দুই)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ২২ | এমএলএসএস (অফিস সহায়ক) টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ৬(ছয়)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ২৩ | ইলেকট্রিক এটেনডেন্ট টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণঃ তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্টকাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ২৪ | গার্ড কাম কুক টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ৩(তিন)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণঃ তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ২৫ | সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী) টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ৩(তিন)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণঃ তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ২৬ | ক্যাটল কিপার টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১(এক)টি | অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম ও স্বাস্থ্যের অধিকারী হইতে হইবেঃ তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ২৭ | সুইপার (পরিচ্ছন্নতাকর্মী) টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১(এক)টি | অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম ও স্বাস্থ্যের অধিকারী হইতে হইবেঃ তবে শর্ত থাকে যে, পেশাদার সুইপার শ্রেণির প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |

**নিয়োগের শর্তাবলীঃ**

১. আবেদনকারীর বয়সসীমা ৩০-১০-২০২৫ তারিখে ১৮-৩২ বৎসর হইতে হইবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লিখিত রহিয়াছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেইভাবে লিখিতে হইবে।

৩. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতিপত্র প্রদর্শন করিতে হইবে।

৪. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

৫. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করিতে হইবে এবং পূরণকৃত Application Formসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করিতে হইবে। এছাড়া জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গানার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৬. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

৭. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৮. একই প্রার্থী একাধিক পদে আবেদন করিতে পারিবে, তবে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল পদের পরীক্ষা একই তারিখে হওয়ার সম্ভাবনা থাকায় প্রার্থীগণকে একাধিক পদে আবেদন না করার পরামর্শ প্রদান করা হইল।

৯. আবেদনকারীগণের মোবাইল ফোনে Teletalk Bangladesh Limited হইতে SMS এর মাধ্যমে যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হইবে।

১০. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://brri.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করিতে পারিবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ-

- Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০৭-১০-২০২৫ খ্রিঃ, সকাল ১০:০০ টা।
- Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ৩০-১০-২০২৫ খ্রিঃ, বিকাল ০৫:০০ টা।
- উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করিবেন।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit-করিবার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনা মত ছবি এবং স্বাক্ষর upload করিয়া আবেদনপত্র Submit-করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit-করা সম্পন্ন প্রার্থী একটি User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাইবেন। উক্ত Applicant's copy প্রার্থী downloadপূর্বক রঙ্গিন প্রিন্ট করিয়া সংরক্ষণ করিবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকিবে এবং User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করিয়া পরীক্ষার ফি বাবদ ১০ম গ্রেডের পদের জন্য ২০০/-(দুইশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩(তেইশ)টাকাসহ অফেরতযোগ্য মোট ২২৩/- (দুইশত তেইশ)টাকা, ১১তম-১২তম গ্রেডের পদের জন্য ১৫০(একশত পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১৮(আঠারো)টাকাসহ অফেরতযোগ্য মোট ১৬৮/- (একশত আটষট্টি)টাকা, ১৩তম-১৬তম গ্রেডের পদের জন্য ১০০/-(একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২(বারো)টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বারো)টাকা ও ১৭তম-২০তম গ্রেডের পদে এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে সকল পদের জন্য ৫০/-(পঞ্চাশ)টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়)টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/-(ছাপ্পান্ন)টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হইবে না"।

প্রথম SMS: BRRI<space>User ID লিখিয়া Send করিতে হইবে 16222 নম্বরে। *Example: BRRI ABCDEF*

*Reply: Applicant's Name, Tk-.......... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BRRI<Space>Yes<Space>PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: BRRI<Space>Yes<Space>PIN লিখিয়া Send করিতে হইবে 16222 নম্বরে। *Example: BRRI YES 12345678*

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BRRI Application for post xxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://brri.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী downloadপূর্বক রঙ্গিন Print করিয়া নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

User ID জানা থাকিলে BRRI<space>Help<space>User<space>User ID & Send to 16222
Example: BRRI Help User ABCDEF & send to 16222
PIN Number জানা থাকিলে: BRRI<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
Example: BRRI Help PIN 12345678 & send to 16222.

ঝ. Online-এ আবেদন করিতে কোন সমস্যা হইলে ১২১ এ কল করুন অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbdTeletalk প্রবেশ করিয়া মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাইবে, অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাইবে। (Mail /মেসেজ এর Subject-এ Organization Name: BRRI, Post Name, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করিতে হইবে)।

ঞ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও https://www.brri.gov.bd ওয়েবসাইটে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাইবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হইবে।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হইলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়িলে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হইবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১১. অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ঠ সময় নিয়া অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করিতে পরামর্শ দেওয়া যাইতেছে।

০৫.১০.২৫
(ড. মোঃ মামুনুর রহমান)
উপ-পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা)অ:দা:
মহাপরিচালকের পক্ষে

স-১৫৫৬ (২০×৪)

the daily observer
We stand for people's rights

Date: 06/10/2025 (P-07)

কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

# Bangladesh Rice Research Institute, Gazipur

**Phone:** PABX-88-02-49272005-14, Fax: 88-02-49272000
**E-mail:** brrihq@yahoo.com, dg@brri.gov.bd **Website:** www.brri.gov.bd

পত্র নং- ১২.২২.০০০০.০০০.০৩২.০১.০৮৫৫.২৫.৪৯৪০

তারিখঃ ২০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি নং-০২ (২০২৫-২০২৬)

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর রাজস্ব বাজেটভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে অনলাইনে (https://brri.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহবান করা যাইতেছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হইবে না।

| ক্রঃ নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | নিয়োগ যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | সাব এসিসটেন্ট ইঞ্জিনিয়ার (স্থায়ী)<br>টাঃ ১৬০০০-৩৮৬৮০/- (গ্রেড-১০) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২ | সাব এসিসটেন্ট ইঞ্জিনিয়ার (অস্থায়ী)<br>টাঃ ১৬০০০-৩৮৬৮০/- (গ্রেড-১০) | ৪(চার)টি | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩ | ডাটা এনালিস্ট<br>টাঃ ১৬০০০-৩৮৬৮০/- (গ্রেড-১০) | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান/ ভূগোল/ গণিত বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ ডাটা প্রসেসিং ও কম্পিউটার পরিচালনায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৪ | ট্রান্সপোর্ট সুপারভাইজার<br>টাঃ ১৬০০০-৩৮৬৮০/- (গ্রেড-১০) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্টকাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৫ | এসএ (ফিল্ডম্যান)<br>টাঃ ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) | ৪(চার)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কৃষিতে অন্যূন ৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৬ | এসিসটেন্ট লাইব্রেরিয়ান<br>টাঃ ১১০০০-২৬৫৯০/-(গ্রেড-১৩) | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা এবং গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৭ | ইউডি কাম একাউনটেন্ট<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ২(দুই)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৮ | অডিটর<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৯ | ইউডিএ কাম ক্যাশিয়ার<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১০ | স্টেনো টাইপিষ্ট (সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর)<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ ও ইংরেজিতে ৮০ শব্দ এবং টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২৮ শব্দের গতিসহ কম্পিউটার চালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১১ | এগ্রোমেট্রোলজিক্যাল এসিসটেন্ট<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল/পরিসংখ্যান/রসায়ন/পদার্থ বিদ্যা এবং গণিত বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১২ | বেঞ্চ মেকানিক (ওয়ার্কসপ)<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে জেনারেল মেকানিক ট্রেড কোর্স সনদ পাস সহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৩ | ড্রাইভার<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ৩(তিন)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ হালকা বা ভারী যানবাহন চালনার ড্রাইভিং লাইসেন্সধারী এবং সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৪ | বিল ক্লার্ক<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৫ | ট্রাক্টর ড্রাইভার<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ হালকা বা ভারী যানবাহন চালনার ড্রাইভিং লাইসেন্সধারী এবং সংশ্লিষ্টকাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৬ | প্লাম্বার<br>টাঃ ৮৮০০-২১৩১০/- (গ্রেড- ১৮) | ২(দুই)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে প্লাম্বিং এ ট্রেডকোর্স পাসসহ সংশ্লিষ্টকাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৭ | পাম্প অপারেটর<br>টাঃ ৮৮০০-২১৩১০/- (গ্রেড- ১৮) | ৩(তিন)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক ট্রেডকোর্স পাসসহ পাম্প চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৮ | এসিসটেন্ট কুক<br>টাঃ ৮৮০০-২১৩১০/- (গ্রেড- ১৮) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্টকাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৯ | ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট<br>টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ পরীক্ষাগারে যন্ত্রপাতি পরিষ্কার-পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২০ | দপ্তরী<br>টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ বাইসাইকেল চালনায় পারদর্শী হইতে হইবে। |
| ২১ | ওয়ার্কশপ এ্যাটেনডেন্ট<br>টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ২(দুই)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ২২ | এমএলএসএস (অফিস সহায়ক)<br>টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ৬(ছয়)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ২৩ | ইলেকট্রিক এটেনডেন্ট<br>টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণঃ<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্টকাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ২৪ | গার্ড কাম কুক<br>টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ৩(তিন)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণঃ<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ২৫ | সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী)<br>টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ৩(তিন)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণঃ<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ২৬ | ক্যাটল কিপার<br>টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১(এক)টি | অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম ও স্বাস্থ্যের অধিকারী হইতে হইবেঃ<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ২৭ | সুইপার (পরিচ্ছন্নতাকর্মী)<br>টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১(এক)টি | অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম ও স্বাস্থ্যের অধিকারী হইতে হইবেঃ<br>তবে শর্ত থাকে যে, পেশাদার সুইপার শ্রেণির প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |

**নিয়োগের শর্তাবলীঃ**

১. আবেদনকারীর বয়সসীমা ৩০-১০-২০২৫ তারিখে ১৮-৩২ বৎসর হইতে হইবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লিখিত রহিয়াছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেইভাবে লিখিতে হইবে।

৩. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতিপত্র প্রদর্শন করিতে হইবে।

৪. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

৫. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করিতে হইবে এবং পূরণকৃত Application Formসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করিতে হইবে। এছাড়া জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৬. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

৭. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৮. একই প্রার্থী একাধিক পদে আবেদন করিতে পারিবে, তবে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল পদের পরীক্ষা একই তারিখে হওয়ার সম্ভাবনা থাকায় প্রার্থীগণকে একাধিক পদে আবেদন না করার পরামর্শ প্রদান করা হইল।

৯. আবেদনকারীগণের মোবাইল ফোনে Teletalk Bangladesh Limited হইতে SMS এর মাধ্যমে যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হইবে।

**১০. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://brri.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করিতে পারিবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ-

- Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০৭-১০-২০২৫ খ্রিঃ, সকাল ১০:০০ টা।
- Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ৩০-১০-২০২৫ খ্রিঃ, বিকাল ০৫:০০ টা।
- উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করিবেন।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit-করিবার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনা মত ছবি এবং স্বাক্ষর upload করিয়া আবেদনপত্র Submit-করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit-করা সম্পন্ন প্রার্থী একটি User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাইবেন। উক্ত Applicant's copy প্রার্থী downloadপূর্বক রঙিন প্রিন্ট করিয়া সংরক্ষণ করিবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকিবে এবং User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করিয়া পরীক্ষার ফি বাবদ ১০ম গ্রেডের পদের জন্য ২০০/-(দুইশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩(তেইশ)টাকাসহ অফেরতযোগ্য মোট ২২৩/- (দুইশত তেইশ)টাকা, ১১তম-১২তম গ্রেডের পদের জন্য ১৫০(একশত পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১৮(আঠারো)টাকাসহ অফেরতযোগ্য মোট ১৬৮/- (একশত আটষট্টি)টাকা, ১৩তম-১৬তম গ্রেডের পদের জন্য ১০০/-(একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২(বারো)টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বারো)টাকা ও ১৭তম-২০তম গ্রেডের পদে এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে সকল পদের জন্য ৫০/-(পঞ্চাশ)টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়)টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/-(ছাপ্পান্ন)টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হইবে না"।

প্রথম SMS: BRRI<space>User ID লিখিয়া Send করিতে হইবে 16222 নম্বরে। *Example: BRRI ABCDEF*
*Reply: Applicant's Name, Tk-........... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BRRI<Space>Yes<Space>PIN and send to 16222.*
দ্বিতীয় SMS: BRRI<Space>Yes<Space>PIN লিখিয়া Send করিতে হইবে 16222 নম্বরে। *Example: BRRI YES 12345678*
*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BRRI Application for post xxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://brri.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী downloadপূর্বক রঙিন Print করিয়া নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

User ID জানা থাকিলে BRRI<space>Help<space>User<space>User ID & Send to 16222
Example: BRRI Help User ABCDEF & send to 16222
PIN Number জানা থাকিলে: BRRI<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
Example: BRRI Help PIN 12345678 & send to 16222.

ঝ. Online-এ আবেদন করিতে কোন সমস্যা হইলে ১২১ এ কল করুন অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbdTeletalk প্রবেশ করিয়া মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাইবে, অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাইবে। (Mail /মেসেজ এর Subject-এ Organization Name: BRRI, Post Name, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করিতে হইবে)।

ঞ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও https://www.brri.gov.bd ওয়েবসাইটে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাইবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হইবে।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হইলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়িলে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হইবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১১. অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়া অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করিতে পরামর্শ দেওয়া যাইতেছে।

05.10.25
(ড. মোঃ মমিনুর রহমান)
উপ-পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা)অ:দা:
মহাপরিচালকের পক্ষে

CG-15570(25x4)